তারিখ: 22 SEP 2016
পৃষ্ঠা: 2 কলাম: 8

দৈনিক
আমাদের সময়

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

# শিক্ষা প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকলেই জঙ্গি নয়

রাজশাহী প্রতিনিধি ●

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কোনো শিক্ষার্থী ১০ দিনের বেশি শিক্ষা প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকলেই সে জঙ্গি, বিষয়টি তা নয়। কোনো শিক্ষার্থী ১০ দিন অনুপস্থিত থাকলে তার বিষয়ে খোঁজখবর নিতে বলা হয়েছে। এভাবে জঙ্গিবাদ নির্মূলে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। গতকাল সকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে আয়োজিত কৃতী শিক্ষার্থীদের স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে এ কথা বলে শিক্ষামন্ত্রী। নাহিদ বলেন, শুধু আইন করে জঙ্গি দমন করা যাবে না। এর জন্য প্রয়োজন ঐক্যবদ্ধ সামাজিক আন্দোলন। বিশেষ উদ্দেশ্য নিয়ে গুলশানে হামলা চালিয়ে বিদেশি নাগরিকদের হত্যা করা হয়েছে। জান্নাতের কথা বলে প্রযুক্তিজ্ঞানসম্পন্ন উচ্চশিক্ষিত তরুণদের বিভ্রান্ত করা হচ্ছে। এ বিষয়ে সবাইকে সজাগ থাকতে হবে।

সীমিত বরাদ্দের মধ্যেই শিক্ষার্থীদের গবেষণায় মনোযোগ দেওয়ার আহ্বান জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, গবেষণাকাজে আমাদের বরাদ্দ খুব সীমিত। তবু এ নিয়েই কাজ এগিয়ে নিতে হবে। আমরা যদি আমাদের নিজস্ব সমস্যা সমাধানে জ্ঞান সৃষ্টি না করতে পারি, তাহলে সে সমাধান কে দেবে? যদি কোনো বিশ্ববিদ্যালয় নতুন জ্ঞান সৃষ্টি করতে না পারে, জনগণের সমস্যা সমাধানে ভূমিকা না রাখতে পারে, তাহলে বিশ্ববিদ্যালয় দিয়ে কী হবে? আর কেনই বা আমরা জনগণের অর্থ বিশ্ববিদ্যালয়ে দেব।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন– রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিন, অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শামস্-উল-ইসলাম, সহ-উপাচার্য অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান প্রমুখ।